

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৬০২

২৬/ পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ২৬/২১. পুরুষদের জন্য জাফরনা রং-এর পোশাক পরিধান মাকরুহ

بَابِ كَرَاهِيَةِ الْمُعَصْفُرِ لِلرِّجَالِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ أُسَامَةَ بْنِ زَيْدٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ حُنَيْنٍ، قَالَ سَمِعْتُ عَلِيَّا، يَقُولُ نَهَانِي رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ _ وَلاَ أَقُولُ نَهَاكُمْ _ عَنْ لُبْسِ الْمُعَصِنْفَرِ .

বাংলা

২/৩৬০২। আবদুল্লাহ ইবনে হুনাইন (রাঃ) থকে বর্ণিত। তিনি বলেন,আমি আলী (রাঃ) -কে বলতে শুনেছি, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে এবং আমি বলি না যে, তোমাদেরকেও হলুদ রং-এ রঞ্জিত পোশাক পরতে নিষেধ করেছেন।

English

It was narrated that 'Abdullah bin Hunain said:

"I heard 'Ali say: 'The Messenger of Allah (ﷺ) forbade me – and I do not say that he forbade you – from wearing clothes dyed with safflower.'"

ফুটনোট

মুসলিম ২০৭৮, তিরমিয়ী ২৬৪, ১৭২৫, ১৭৩৭, নাসায়ী ১০৪২, ১০৪৩, ১০৪৪, ১১১৮, ৫১৭২, ৫১৭৩, ৫১৭৪, ৫১৭৫, ৫১৭৬, ৫১৭৭, ৫১৮৮, ৫১৭৯, ৫১৮০, ৫১৮১, ৫২৬৭, ৫২৬৮, ৫২৭০, ৫২৭১, ৫২৭২, ৫৩১৮, আবু দাউদ ৪০৪৪,আহমাদ ৬১২, ৭১২, ৮৩১, ৯২৬, ৯৮৪, ১০৪৪, ১১০১, গায়াতুল মারাম ৭৯, রাওদুন নাদীর ৭১০। তাহকীক আলবানীঃ সহীহ।

উসামাহ বিন যায়দ সম্পর্কে ইবনু হিব্বান তাকে সিকাহ উল্লেখ করে বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন। আল-আজলী তাকে সিকাহ বলেছেন। আবু হাতিম আর-রাযী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যাবে তবে



দলীল হিসেবে নয়। ইমাম নাসাঈ বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩১৭, ২/৩৪৭ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন